**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-09-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি'র ভিলেজ কমিটি নির্বাচনে রাজ্যে আসতে শুরু করেছে আধা সামরিক বাহিনী।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যে সেবা সংকল্প অভিযান কর্মসূচি ঘোষণা করেছেন।**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, হিন্দি ভাষা জাতীয় ঐক্যের গুরুত্বপূর্ণ মাধ্যম।**

**(৪) ভারতে হোলসেল প্রাইস ইনডেক্স আগস্টে বেড়ে হয়েছে ৯ দশমিক ৯২ শতাংশ।**

**(৫) সিনিয়র মহিলা ক্রিকেটে ফাইনাল খেলবে বিশালগড় এবং সদর।**

*************************

**ADC Election :**

এডিসি'র ভিলেজ কমিটির নির্বাচনে নিরাপত্তা দিতে ৭৪ কোম্পানি আধা সামরিক বাহিনী রাজ্যে আসতে শুরু করেছে। তাঁরা পুলিশ ও টি.এস.আর-কে সঙ্গে নিয়ে এডিসি'র বিভিন্ন স্পর্শকাতর এলাকায় টহল দেবে।

এদিকে, রাজ্য নির্বাচন কমিশনার ড. প্রদীপ কুমার চক্রবর্তী আজ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ভিলেজ কমিটির নির্বাচন নিয়ে রাজ্য পুলিশের মহানির্দেশক, আট জেলার জেলাশাসক ও পুলিশ সুপারদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে এডিসি'র বিভিন্ন এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। পাশাপাশি অবাধ ও শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়।

*******************************

**Fire Arms :**

উত্তর ত্রিপুরা জেলায় এডিসি'র ভিলেজ কমিটির নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের পক্ষ থেকে ব্যক্তিগত লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র জমা দেবার নির্দেশিকা জারি করা হয়েছে। নির্দেশিকায় বলা হয়েছে, জেলার সমস্ত ব্যক্তিগত আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীদের আগামীকালের মধ্যে নিজ নিজ নিকটবর্তী থানায় তাদের লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র জমা দিতে হবে। তবে এই আদেশটি নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত পুলিশ কর্মী, টিএসআর, সিআরপিএফ, সশস্ত্র বনরক্ষী এবং ব্যাংক, সিস ক্যাশ সার্ভিসেস প্রাইভেট লিমিটেড ও আইওসিএল-এর নিরাপত্তার কাজে ব্যবহৃত আগ্নেয়াস্ত্রের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

****************************

**Ganesh Chaturthi :**

সারাদেশে আজ ভক্তি ও শ্রদ্ধার সঙ্গে গণেশ চতুর্থী উৎসব পালিত হচ্ছে। এই দিনটি ভগবান গণেশের জন্ম তিথি হিসেবে চিহ্নিত, যিনি জ্ঞান, সমৃদ্ধি ও সৌভাগ্যের প্রতীক। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গণেশ চতুর্থী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাষ্ট্রপতি মুর্মু প্রার্থনা করেন, ভগবান গণেশের কৃপায় যেন সকলের জীবনে সুখ, শান্তি, সুস্বাস্থ্য ও সমৃদ্ধি বজায় থাকে।

এদিকে প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদিও গণেশ চতুর্থী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি আশা প্রকাশ করেন যে, এই পবিত্র উৎসব সকলের জীবনে নতুন শক্তি এবং নব উদ্দীপনা সঞ্চার করবে।

*****************************

**CM-SEVA SANKALP :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে মাসব্যাপী বিভিন্ন কর্মসূচি আয়োজন করবে রাজ্য সরকার। ১৭ সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর জন্মদিন থেকে শুরু হবে এই কর্মসূচি। তারপর ২৯শে সেপ্টেম্বর থেকে ১৭ই অক্টোবর পর্যন্ত চলবে। সচিবালয়ে আজ এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানান, এবারের কর্মসূচির মূল ভাবনা—'সেবা সংকল্প অভিযান—জনসেবা হি প্রভু সেবা'। প্রধানমন্ত্রীর ২৫ বছরের নিরবচ্ছিন্ন জনসেবাও স্মরণ করা হবে এই আয়োজনে। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে দেশের সর্বশ্রেষ্ঠ প্রধানমন্ত্রী হিসেবে উল্লেখ করে জনধন যোজনা, পিএম গতিশক্তি, উজ্জ্বলা যোজনা, অপারেশন সিঁদুর এবং ৩৭০ ধারা বিলোপের মতো উদ্যোগের কথা তুলে ধরেন। রাজ্যজুড়ে 'আঙ্গন মিলন সেবা', 'সেবা কি কাহানি', 'কলস যাত্রা', 'সার্ভিস মাই কন্ট্রিবিউশন', 'সেবা কে রং—রাষ্ট্র কে সঙ্গ', 'সুশাসন সংবাদ' এবং 'নমো সেবা' ইত্যাদি কর্মসূচি অনুষ্ঠিত হবে।

***************************

**Minister Pranajit Singha Roy–Udaipur :**

রাজ্য সরকার দেড় হাজার কোটি টাকা ব্যয়ে উদয়পুরকে স্যাটেলাইট শহর হিসেবে গড়ে তুলতে উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। আজ রাজর্ষি হলে এক নাগরিক সভায় তিনি একথা জানান। উদয়পুরের ব্রহ্মাবাড়ি থেকে মাতাবাড়ি পর্যন্ত এলাকায় এই আধুনিক শহর গড়ে তোলা হবে। সভায় উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ।

***************************

**Blood Donation–CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, নিখিল ত্রিপুরা মহানাম সেবক সংঘ সমাজের কল্যাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আজ

আগরতলার বনমালীপুরস্থিত শ্রী শ্রী মহানাম অঙ্গনে আয়োজিত স্বেচ্ছায় রক্তদান শিবিরে তিনি একথা বলেন। তিনি বলেন, যুব প্রজন্মকে মানবিক মূল্যবোধ ও নৈতিকতার পাঠ দিতে আরো সামনের সারিতে এগিয়ে আসতে হবে মহানাম সেবক সংঘকে। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর রত্না দত্ত।

********************************

**Mock Drill-South :**

টি.এস.আর নবম বাহিনীর উদ্যোগে আজ দক্ষিণ জেলার মুহুরীপুর স্কুলে বন্যা মোকাবিলা বিষয়ে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় টিএসআর নবম বাহিনীর কমান্ডেন্ট মানবেন্দ্র চৌধুরী বন্যার সময় জলবন্দী মানুষকে কিভাবে উদ্ধার করতে হবে এই বিষয়ে ছাত্রছাত্রীদের অবহিত করা হয়। পরে মুহুরীপুরে জগন্নাথ মন্দিরের পুকুরে ছাত্রছাত্রীদের নিয়ে এক মহড়া অনুষ্ঠিত হয়।

*****************************

**Lok Adalat :**

রাজ্যে জাতীয় লোক আদালতে ১৮ হাজার ৯৩৩ মামলা নিষ্পত্তি হয়েছে। গত শনিবার ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত প্রাঙ্গণে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ভিপি দেববর্মা আজ এখবর জানিয়েছেন।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, হিন্দি ভাষা জাতীয় ঐক্যের এক গুরুত্বপূর্ণ সংযোগকারী মাধ্যম। আজ হিন্দি দিবস উপলক্ষে একটি ভিডিও বার্তায় তিনি একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে হিন্দি সহ অন্যান্য সমস্ত ভাষার প্রযুক্তিগত উন্নয়নের স্বর্ণযুগ চলছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী হিন্দি ভাষা দিবস উপলক্ষে আজ নভি মুম্বাইয়ে আয়োজিত ষষ্ঠ নিখিল ভারত রাজভাষা সম্মেলনে ২০২৫-২৬ সালের 'রাজভাষা গৌরব' এবং 'রাজভাষা কীর্তি' পুরস্কার প্রদান করেন।

****************************

**Package Story-Dumboor Hydel Project :**

ত্রিপুরার গোমতী জেলার তীর্থমুখে অবস্থিত ডম্বুর জলাধার। পানীয় জল সরবরাহ, কৃষিকাজ এবং মৎস্যচাষের পাশাপাশি এই জলাধার রাজ্যের বিদ্যুৎ উৎপাদনেরও অন্যতম গুরুত্বপূর্ণ উৎস। বর্তমানে এর তিনটি ইউনিট বন্ধ থাকায় পুনরুজ্জীবিত করার ব্যাপারে চলছে সমীক্ষার কাজ। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC#######

*************************

**WPI :**

ভারতে পাইকারি মূল্যসূচক বা WPI-ভিত্তিক মুদ্রাস্ফীতির হার আগস্টে বেড়ে ৯ দশমিক ৯২ শতাংশ হয়েছে। জুলাইয়ে এই হার ছিল ৯ দশমিক ৭৮ শতাংশ। বাণিজ্য ও শিল্প মন্ত্রকের তথ্য অনুযায়ী, খনিজ তেল, খাদ্যপণ্য, ধাতু ও রাসায়নিকসহ বিভিন্ন পণ্যের দাম বৃদ্ধির কারণে মুদ্রাস্ফীতি বেড়েছে এবং টানা চতুর্থ মাসে তা ৯ শতাংশের উপরে রয়েছে।

জ্বালানি ও বিদ্যুৎ ক্ষেত্রে মুদ্রাস্ফীতি জুলাইয়ের ২০ শতাংশ থেকে বেড়ে আগস্টে ২২ দশমিক ৯ শতাংশ হয়েছে। উৎপাদিত পণ্যে তা সামান্য বেড়ে ৮ দশমিক ৪ শতাংশে পৌঁছেছে। অন্যদিকে, প্রাথমিক পণ্যে মুদ্রাস্ফীতি ৮ দশমিক ৫ শতাংশ থেকে কমে ৭ দশমিক ৮ শতাংশ হয়েছে। খাদ্যসূচকভিত্তিক মুদ্রাস্ফীতিও জুলাইয়ের ৬ দশমিক ৬৫ শতাংশ থেকে বেড়ে আগস্টে ৭ দশমিক ০৫ শতাংশ হয়েছে।

****************************

**Minister Sudhangshu Das :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার ফটিকরায়ে নির্মীয়মান মৎস্য প্রশিক্ষণ কেন্দ্রের নির্মাণকাজের অগ্রগতি খতিয়ে দেখেন। মৎস্যমন্ত্রী জানান, এটি নির্মিত হলে মৎস্য চাষীদের দক্ষতা ও আধুনিক প্রযুক্তি-নির্ভর প্রশিক্ষণের সুযোগ বাড়বে।

*****************************

**Womens Cricket :**

সিনিয়র মহিলা ক্রিকেটে ফাইনালে উঠল বিশালগড় এবং সদর। আজ বাইখোরা স্কুল মাঠে আয়োজিত সেমিফাইনালে সদর ৯ উইকেটে উদয়পুরকে পরাজিত করেছে। বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে আয়োজিত অপর সেমিফাইনালে বিশালগড় ৩৪ রানে তেলিয়ামুড়াকে হারিয়েছে। আগামী ১৬ই সেপ্টেম্বর ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে।

*******************************

**First Division Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবলের আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার ৩-৩ গোলে ব্লাড মাউথ ক্লাবের সাথে ড্র করে।

****************************

**JC Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত জে সি স্মৃতি লিগ ক্রিকেট প্রতিযোগিতার দ্বিতীয় রাউন্ডের তিনদিনের খেলায় জয়নগর ক্রিকেট ক্লাব দ্বিতীয় দিনে প্রথম ইনিংসে ২৯৩ রান করে। জবাবে স্ফুলিঙ্গ ক্লাব প্রথম ইনিংসে দিনের শেষে ৬ উইকেট হারিয়ে ১৬৩ রান করে।

এদিকে, অপর খেলায় সংহতি ক্লাব বনাম ব্লাড মাউথ ম্যাচে সংহতি প্রথম ইনিংসে ৩০১ রান করে। জবাবে ব্লাড মাউথ দ্বিতীয় দিনের শেষে ৬ উইকেটে ২৮৭ রান করতে সক্ষম হয়।

*******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রী সেলসিয়াস।

***************************